



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১০৩

তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

বিষয়ঃ আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সারা দেশে ৩২৯টি পৌরসভার মধ্যে তৃতীয় ধাপে ৬৩টি পৌরসভায় ৩০ জানুয়ারি ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হবে। এছাড়া চতুর্থ ধাপে ৫৮টি পৌরসভায় ১৪ ফেব্রুয়ারি ২০২১ এবং পঞ্চম ধাপে ৩১টি পৌরসভায় আগস্টি ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লিখিত নির্বাচন উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে একটি আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সেলে রিপোড়িয়ার জেনারেল মোহাম্মদ আবুল কাশেম মোঃ ফজলুল কাদের, এনডিসি, পিএসসি, প্রকল্প পরিচালক, আইডিয়া প্রকল্প এর নেতৃত্বে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন:

১. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
২. পুলিশ হেডকোয়ার্টার্সের পুলিশ সুপার/অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
৩. বিজিবি/ র্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র্যাব), অতিরিক্ত পরিচালক/মেজর পদমর্যাদার/আনসার ও ভিডিপি/কোস্ট গার্ড এর মেজর/উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা ; এবং
৪. আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার/সহকারি পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা

০১। ভোটগ্রহণের দিন নির্বাচন কমিশন সচিবালয়ের মনিটরিং সেল (কক্ষ নং-৪১৭) ৫ম তলা, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-এ স্থাপিত উল্লিখিত সেল-এর কার্যক্রম পরিচালিত হবে। সেলের কর্মপরিধি নিম্নরূপ:

- (ক) নির্বাচনের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবগতকরণ;
- (খ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইনশৃঙ্খলা সদস্যদের অবস্থান ও সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;
- (গ) সংস্থার নিজস্ব যোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে কমিশনের নির্দেশনা তৎক্ষণিকভাবে অবহিতকরণ; বিশেষ করে র্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র্যাব) এর সেটসহ
- (ঘ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;
- (ঙ) ইভিএমসহ বিভিন্ন নির্বাচনি মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান।

০৩। উল্লিখিত সেল যেন কার্যকর হয় এবং কমিশনকে যেন সময়ে সময়ে পরিস্থিতি অবহিত করা হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য মাননীয় প্রধান নির্বাচন কমিশনার সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৪। বর্তাবস্থায়, উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের লক্ষ্যে তৃতীয় ধাপে ৩০ জানুয়ারি ২০২১/ চতুর্থ ধাপে ১৪ ফেব্রুয়ারি ২০২১/ পঞ্চম ধাপে ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখের জন্য একজন করে কর্মকর্তার নাম (মোবাইল, টেলিফোন, ইমেইল, ফ্যাক্স নম্বরসহ) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

বিতরণ:

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ৩। মহাপরিচালক, বিজিবি/ র্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র্যাব)/আনসার ও ভিডিপি/কোস্ট গার্ড/ প্রকল্প পরিচালক, আইডিয়া প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা ঢাকা

অফিসের ঠিকানাঃ

F:\2020\Parashaya Election 3rd Step\Monitoring Cell.doc

নির্বাচন ভবন, প্লট নং-২/১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোনঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্সঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১০৩

তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব/ সচিব(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার,(সংশ্লিষ্ট)
৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনসিটিউট, ঢাকা
৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৮. জেলা প্রশাসক,(সংশ্লিষ্ট)
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট) অঞ্চল
১০. পুলিশ সুপার,(সংশ্লিষ্ট)
১১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২.(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট)
১৪. উপজেলা নির্বাচন অফিসার,(সংশ্লিষ্ট)
১৫. জেলা কম্বল্যান্ট, আনসার ও ভিডিপি,(সংশ্লিষ্ট)
১৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২০. অফিসার ইন চার্জ,(সংশ্লিষ্ট) থানা।

২৬/০১/২০২২
(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sas_emc1@gmail.com